১২

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 15 MAY 1997
পৃষ্ঠা: ৬ কলাম ৬

জনমনে কৌতূহল

# রাঙ্গুনিয়ায় ২১ জন পরীক্ষার্থীর বহিষ্কার রিপোর্ট প্রত্যাহার

রাঙ্গুনিয়া সংবাদদাতা ॥ এইচ এস-সি পরীক্ষার রাঙ্গুনিয়া কলেজ কেন্দ্রে ২১জন পরীক্ষার্থীর বহিষ্কার রিপোর্ট প্রত্যাহার করিয়া নেওয়ায় কৌতুহল দেখা দিয়াছে। গত ১২ই মে বাংলা পথম পত্রে পরীক্ষায় অসাধুতা অবলম্বনের দায়ে উপরোক্ত পরীক্ষার্থীদের খাতা এবং প্রবেশপত্র

(৫ম পৃঃ দ্রঃ)

## রাঙ্গুনিয়ায় ২১ জন

(৩য় পৃঃ পর)

নিয়া থানা নির্বাহী অফিসার কেন্দ্র কর্তৃপক্ষের নিকট জমা দেন; যথা-নিয়মে কেন্দ্র কর্তৃপক্ষ ঐ ২১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে মর্মে উল্লেখ করিয়া কেন্দ্রের রিপোর্ট থানায় পেশ করেন। কিন্তু বিকালে থানা ভারপ্রাপ্ত শিক্ষা কর্মকর্তা পরীক্ষা কেন্দ্র কর্তৃপক্ষের রিপোর্ট থানা হইতে নিয়া যায়। রাত প্রায় ৮টার সময় কোন পরীক্ষার্থী বহিষ্কার হয় নাই মর্মে কেন্দ্রের রিপোর্ট থানায় পেশ করা হইয়াছে। রিপোর্ট পরিবর্তনে এই ঘটনা রহস্যজনক বলিয়া অনেকে সন্দেহ পোষণ করিতেছে।